

পনের কোটি মানুষের জন্য প্রতিদিন

# যায় যায়দিন

দৈনিক যায় যায়দিন, ২০২০-০২-১৮, পৃঃ- ০৫



## ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয়ের ১৯তম সমাবর্তন

ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয়ের ১৯তম সমাবর্তন অনুষ্ঠিত হয়েছে। ১৭ ফেব্রুয়ারি সোমবার বিকেলে রাজধানীর আকতাবনগারে ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে সমাবর্তনটি অনুষ্ঠিত হয়। এবারের সমাবর্তন ক্ষবদ্ধ শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকীতে তাঁর স্মৃতির উদ্দেশ্যে নিরবেদিত। সমাবর্তনে মহামান্য রাষ্ট্রপতির প্রতিনিধি হিসেবে শিক্ষামন্ত্রী ডা. দীপু মনি এমপি শিক্ষার্থীদের ডিগ্রি প্রদান করেন। এ সমাবর্তনে আন্তর গ্রাজুয়েট ও প্রাজুয়েট প্রোগ্রামের ২১১১ জন শিক্ষার্থীকে সনদ দেয়া হয়। এছাড়া অনন্য মেধাবী ডিনজন শিক্ষার্থীকে দেয়া হয় স্বর্ণপদক। অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন বিশ্ববিদ্যালয় মঞ্চরি কমিশনের চেয়ারম্যান, অধ্যাপক ড. কাজী শহিদুল্লাহ। সমাবর্তন বক্তা ছিলেন, বাংলাদেশ সুপ্রিম কোর্টের সিনিয়র আইনজীবী, ব্যারিস্টার এম আমির উল ইসলাম। আরও বক্তব্য রাখেন ইস্ট ওয়েস্ট ট্রাস্টি বোর্ডের সভাপতি, সৈয়দ মঞ্জুর এলাহী, বিশ্ববিদ্যালয়ের প্রধান উপদেষ্টা, অধ্যাপক ড. মোহাম্মদ ফরাসউদ্দিন এবং বিশ্ববিদ্যালয়ের উপাচার্য, অধ্যাপক ড. এম এম শহিদুল হাসান। বিজ্ঞপ্তি

